

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১২, ২০১৬

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৯ বৈশাখ, ১৪২৩/১২ মে, ২০১৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৯ বৈশাখ, ১৪২৩ মোতাবেক ১২ মে, ২০১৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১৬ সনের ২২ নং আইন

**The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 (Act No. IV of 1973) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) (Amendment) Act, 2016 নামে অভিহিত হইবে।

(২) এই আইনের ধারা ২, ১ জুলাই ২০১৫ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ধারা ৩, ৪, ৫, ৬ ও ৭, ১ জুলাই ২০১৬ তারিখ হইতে কার্যকর হইবে।

২। Act No. IV of 1973 এর section 3 এর সংশোধন।—The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 (Act No. IV of 1973), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 3 তে উল্লিখিত “53,100”, “47,800” এবং “45,150” সংখ্যা ও কমার পরিবর্তে যথাক্রমে “1,05,000”, “92,000” এবং “86,500” সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে।

( ৭৪১১ )

মূল্য : টাকা ৪.০০

৩। Act No. IV of 1973 এর section 5 এর সংশোধন।—উক্ত Act এর section 5 এ উল্লিখিত “6,000”, “4,000” এবং “3,000” সংখ্যা ও কমার পরিবর্তে যথাক্রমে “10,000”, “7,500” এবং “5,000” সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে।

৪। Act No. IV of 1973 এর section 7 এর সংশোধন।—উক্ত Act এর section 7 এর—

(ক) sub-section (3) এর পরিবর্তে নিম্নরূপ sub-section (3) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(3) If a Minister, Minister of State or Deputy Minister resides in a house other than his official residence, he shall be entitled to receive;

(a) as house rent an amount of—

(i) Taka 80,000 per mensem, in the case of a Minister;

(ii) Taka 70,000 per mensem, in the case of a Minister of State or Deputy Minister; and

(b) every year for maintenance of such house, an amount equivalent to three months house rent admissible to him under this section; and

(c) all costs for supply of electricity, gas, water, telephone and the like at such residence.”; এবং

(খ) sub-section (4) বিলুপ্ত হইবে।

৫। Act No. IV of 1973 এর section 9 এর সংশোধন।—উক্ত Act এর section 9 এ উল্লিখিত “5,00,000” সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে “8,00,000” সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।

৬। Act No. IV of 1973 এর section 10 এর সংশোধন।—উক্ত Act এর section 10 এর—

(ক) sub-section (1) এ উল্লিখিত “750” সংখ্যার পরিবর্তে “2,000” সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) sub-section (2) এ উল্লিখিত “600” সংখ্যার পরিবর্তে “1,500” সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে।

৭। Act No. IV of 1973 এর section 16 এর সংশোধন।—উক্ত Act এর section 16 এর sub-section (1) এর —

- (a) clause (a) তে উল্লিখিত “4,00,000” সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে “10,00,000” সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে;
- (b) clause (b) তে উল্লিখিত “3,00,000” সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে “7,50,000” সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে; এবং
- (c) clause (c) তে উল্লিখিত “3,00,000” সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে “5,00,000” সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।

ড. মোঃ আবদুর রব হাওলাদার  
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd